



## গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ডাক বাক্স নংঃ ৩২৫

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

জিবিসিএসআরডি সার্কুলার নং : ০৬

অক্টোবর ১২, ২০১৪

তারিখ :-----

আশ্বিন ২৭, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ইসলামী শরিয়াহ্ ভিত্তিক তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

### নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্ত ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন প্রসংগে।

পরিবেশ বান্ধব কার্যক্রমের আওতায় গ্রিন ফাইন্যান্সিং বা সবুজ অর্থায়নের মাধ্যমে পরিবেশবান্ধব অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে কনভেনশনাল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। অর্থনৈতিক এ কর্মকাণ্ডে শরিয়াহ্ ভিত্তিতে পরিচালিত ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পৃক্ততা বৃদ্ধিকল্পে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের সেপ্টেম্বর ১৮, ২০১৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৩ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। উক্ত তহবিল হতে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট কর্তৃক পরিচালিত “নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম” এ চিহ্নিত প্রোডাক্ট সমূহে শরিয়াহ্ ভিত্তিক বিনিয়োগের ক্ষেত্রে তহবিল সরবরাহের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণীয় :

#### ১। তহবিলের আওতা :

জিবিসিএসআরডি সার্কুলার নং-০২/২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০১/২০১৪ এবং জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০২/২০১৪ এর মাধ্যমে তালিকাভুক্ত/বিদ্যমান মোট ৪৭ টি গ্রিন প্রোডাক্ট এবং সময়ে সময়ে চিহ্নিতব্য গ্রিন প্রোডাক্ট সমূহে বিনিয়োগ উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়নযোগ্য হবে;

#### ২। তহবিল হতে সহায়তা গ্রহণের যোগ্যতা ও প্রক্রিয়া :

(ক) তহবিল সহায়তা গ্রহণে আগ্রহী ইসলামী শরিয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে মহাব্যবস্থাপক, গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে;

(খ) এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ {Participating Financial Institution (PFI)} কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন যোগানের উপর সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মুদারাবা সঞ্চয়ী হিসাবে বিদ্যমান মুনাফার হার অথবা সময়ে সময়ে বিদ্যমান ব্যাংক হারের মধ্যে যেটি কম সে হারে মুনাফা/মার্কআপ প্রদেয় হবে;

(গ) পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তিতে আগ্রহী সকল অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে:

১। শ্রেণিবিন্যাসিত বিনিয়োগের হার ১০% এর নিচে থাকতে হবে;

২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে মূলধন পর্যাণ্ডতা থাকতে হবে;

৩। একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা (Single Borrower Exposer Limit) সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪। যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা (Risk Management) ও অর্থ পাচার (Money Laundering) প্রতিরোধ সংক্রান্ত বিধি-বিধানের পরিপালন নিশ্চিত করতে হবে।

(ঘ) PFI সমূহ তাদের বিনিয়োগ অনুমোদনের কপি, গ্রাহক কর্তৃক প্রদত্ত Acceptance letter ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনুমোদিত বিনিয়োগের বিপরীতে তহবিল সহায়তার জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন করবে। প্রতি মাস শেষে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়ন বরাদ্দের জন্য আবেদন দাখিল করতে হবে। তবে শর্ত থাকে যে, পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদনের তারিখ থেকে ৬০(ষাট) দিন পূর্বে প্রদত্ত বিনিয়োগ পুনঃঅর্থায়ন সুবিধা বরাদ্দের জন্য বিবেচিত হবে না।

(ঙ) ফেরত সূচি অনুযায়ী পুনঃঅর্থায়নকৃত অংকের উপর স্ব স্ব ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের “মুদারাবা সঞ্চয়ী হিসাবের বিদ্যমান মুনাফার হার অথবা পাঁচ (০৫) শতাংশ এর মধ্যে যেটি কম” সে হারে ত্রৈমাসিক ভিত্তিতে মুনাফাসহ আসলের কিস্তি মতিবিল অফিসে রক্ষিত স্ব স্ব PFI এর চলতি হিসাব হতে আদায় করে নেয়া হবে।

(চ) আলোচ্য তহবিল হতে সহায়তা গ্রহণের ক্ষেত্রে PFI সমূহকে তহবিল সহায়তা গ্রহণের প্রাক্কালে প্রতিটি ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত Demand Promissory Note (DP Note) প্রদান করতে হবে।

(ছ) এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ত্রৈমাসিকভিত্তিতে পুনঃঅর্থায়ন প্রদান করা হবে যা সচল ও অশ্রেণিকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত সময়ে ত্রৈমাসিক ভিত্তিতে মুনাফাসহ পরিশোধ ও বিনিয়োগের অশ্রেণিকৃত আসল স্থিতি পুনঃউত্তোলনযোগ্য হবে।

৩। তহবিল বিনিয়োগের ঋণ সীমা, মুনাফার হার, মেয়াদ ও গ্রেস পিরিয়ড :

২.১ ঋণ সীমা ও মুনাফার হার :

(ক) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহকের অনুকূলে অর্থায়ন নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব খাতে নির্ধারিত বিনিয়োগ সীমার আওতায় বিতরণকৃত তহবিলের বিপরীতে ১০০% পুনঃঅর্থায়ন প্রদানযোগ্য হবে।

(খ) তহবিলের সহায়তায় উপকারভোগী গ্রাহক পর্যায়ে বিনিয়োগের বিপরীতে গৃহীত মুনাফার হার প্রচলিত ব্যাংক হার ও মুদারাবা সঞ্চয়ী হিসাবের গড় মুনাফার হার এর যোগফলের চেয়ে বেশি হবে না।

২.২ মেয়াদ ও গ্রেস পিরিয়ড :

বিদ্যমান সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত মোট ৪৭ টি গ্রিন প্রোডাক্টের স্ব স্ব মেয়াদ ও গ্রেস পিরিয়ড বর্ণিত তহবিল হতে সুবিধা গ্রহণের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

৪. তহবিলের সদ্যবহার ও তথ্য সরবরাহঃ

(ক) বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, বিনিয়োগ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট-ইকুইটি অনুপাত, মার্জিন, বিনিয়োগের বিপরীতে বীমাকরণ, বিনিয়োগের সদ্যবহার ও তদারকীর ব্যাপারে বিনিয়োগ প্রদানকারী PFI সমূহের নিজস্ব বিধি-বিধান, শরিয়াহ নীতিমালা ও ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। বিতরণকৃত বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব বিনিয়োগকারী PFI সমূহের উপর ন্যস্ত থাকবে।

(খ) তহবিল সহায়তা বাবদ গৃহীত অর্থের সদ্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক সময়ে সময়ে প্রয়োজনীয় তথ্য/বিবরণী PFI সমূহ সংরক্ষণ ও সরবরাহ করবে।

(গ) ভুল তথ্য প্রদানের মাধ্যমে কোন PFI আলোচ্য তহবিলের আওতায় তহবিল সহায়তা গ্রহণ করলে উক্তরূপে গৃহীত অর্থ মুদারাবা সঞ্চয়ী হিসাবের প্রচলিত মুনাফার দ্বিগুণ মুনাফাহারে আসলসহ বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট PFI সমূহের চলতি হিসাব বিকলনপূর্বক এককালীন ফেরত নেয়া হবে।

(ঘ) তহবিল সহায়তা প্রাপ্তির জন্য সকল অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত “Guidelines for Islamic Banking”, “Prudential Regulations for Banks”, “Prudential Regulations for Financial Institutions” এবং অন্যান্য প্রযোজ্য নীতিমালা যথাযথভাবে পরিপালন করতে হবে।

(ঙ) আলোচ্য তহবিল সহায়তা সুবিধাসমূহ এ সার্কুলার জারির পরে কেবল অনুমোদিত বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

পুনঃঅর্থায়ন তহবিল সংক্রান্ত উল্লিখিত শর্তাদির বিষয়ে বাংলাদেশ ব্যাংক সময় সময় প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করতে পারে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

ফ্যাক্স : ৯৫৩০৩২৭

E-mail: manoj.biswas@bb.org.bd

gm.gbcsrd@bb.org.bd